

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ পদ্মা পানি শোধনাগার

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৭১.০০৪.২৪ নথির বিষয়: বিভিন্ন সময়ে ঢাকা ওয়াসা ও অন্যান্য দেশি বিদেশী প্রতিষ্ঠান হতে আগত অতিথিদের প্ল্যান্ট পরিদর্শন উপলক্ষে আপ্যায়ন খরচ প্রসঙ্গে।


নোট: ১ নোটের বিষয়: খুলনা ওয়াসা হতে আগত অতিথিদের ঢাকা ওয়াসার পদ্মা পানি শোধনাগার পরিদর্শন উপলক্ষে আপ্যায়ন খরচ অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৮/২/২৪ ৫:০৯ অপরাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৪৫০ এমএলডি ক্ষমতাসম্পন্ন পদ্মা পানি শোধনাগার এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ চলমান আছে। শোধনাগারের IPS, WTP & BPS এই তিনটি ইউনিটের সমন্বয়ে পানি পরিশোধন কাজ সার্বক্ষণিক সচল আছে। শোধনাগার হতে বর্তমানে দৈনিক গড়ে ২৫০ হতে ৩০০ এমএলডি পরিশোধিত পানি বিদ্যমান নেটওয়ার্কে যুক্ত হচ্ছে। পানি শোধনাগারটি বাংলাদেশের একটি সর্ববৃহৎ পানি শোধনাগার, যার আভ্যন্তরীণ পরিবেশ অনেক সুন্দর। তাই শোধনাগারের IPS, WTP ইউনিটের অপারেশন কার্যক্রম প্রায় সময়ই ঢাকা ওয়াসার বিভিন্ন কর্মকর্তা, ইলেকট্রনিক ও প্রিন্টিং মিডিয়ার লোকজন, বিভিন্ন সরকারী দপ্তর ও দেশি বিদেশী প্রতিষ্ঠান হতে সম্মানিত ব্যক্তিবর্গ পরিদর্শনে আসেন। তৎপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ১৩/০২/২০২৪ ইং তারিখে খুলনা ওয়াসা হতে শোধনাগার এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিদর্শনে একটি টিম আসেন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৮/২/২৪ ৬:৩৬ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক পরিদর্শনে উপস্থিত ব্যক্তি বর্গের আপ্যায়নের ব্যবস্থা করা হয়। যাতে শোধনাগারের লোকবলসহ মোট ৩৮ জনের আপ্যায়ন খরচ বাবদ সর্বমোট ২৩,১০০/= (তেইশ হাজার একশত) টাকা খরচ হয়। উক্ত প্রাক্কলনের ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ১৮৩ হতে নির্বাহী করা যেতে পারে। কাজটি অতীত জরুরী বিধায় পিপিএ ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর ৮১ (১) ধারা মোতাবেক ঘটনাত্তোর (পোস্ট ফেক্টো) অনুমোদন দেয়া যেতে পারে। যা পরবর্তীতে প্রকৃত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
১৮/২/২৪ ৭:০০ অপরাহ্ন অমিত বিশ্বাস উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	১৯/২/২৪ ২:৫২ অপরাহ্ন মাহমুদ রিয়াদ সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	২০/২/২৪ ১২:০৫ পূর্বাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	২০/২/২৪ ১০:১৩ পূর্বাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
			২০/২/২৪ ১০:১৩ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

সংযুক্তিসমূহ (২):

- ১। খুলনা ওয়াসা হতে আগত কর্মকর্তাগণের শোধনাগার পরিদর্শন মন্তব্য।
- ২। ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২০/২/২৪ ১০:১১ অপরাহ্ন

Okay

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা